

জাত পরিচিতি ব্রি ধান৬৫ এর কৌলিক সারি নং-OM1490। উক্ত কৌলিক সারিটি OM606 এবং IR44592-62-1-1-3 এর সংকরায়নের মাধ্যমে Vietnam এ প্রজনন পদ্ধতিতে বংশানুক্রমিক কৌলিক বাছাই (Pedigree selection) প্রক্রিয়ায় উদ্ভাবন করা হয়েছে। উক্ত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এ Vietnam হতে INGER- material হিসেবে IRR1 থেকে প্রাপ্ত হয়ে প্রজনন প্রক্রিয়ায় পরীক্ষা নিরীক্ষা ও দেশের বিভিন্ন অঞ্চলে কৃষকের মাঠে ফলন পরীক্ষায় সন্তোষজনক হওয়ায় বোনা আউশ মৌসুমে ব্রি ধান৬২ ও ব্রি ধান৬৩ জাতের চাষাবাদ উপযোগী খরাপ্রবণ এলাকায় সরাসরি মাঠে বপনের জাত হিসাবে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়।



ব্রি ধান৬৫

জাতের বৈশিষ্ট্য

- ▶ ব্রি ধান৬৫ বোনা আউশ মৌসুমের খরা সহনশীল জাত।
- ▶ উচ্চ ফলনশীল।
- ▶ গাছের উচ্চতা ৯০-৯৫ সে.মি.।
- ▶ চাল মাঝারি চিকন ও সাদা এবং ভাত ঝরঝরে।

জীবনকাল

ব্রি ধান৬৫ এর জীবনকাল ব্রি ধান৬৩ এর চেয়ে কম এবং গাছ তুলনামূলকভাবে খাটো ও শক্ত হওয়ায় হেলে পড়ে না। ব্রি ধান৬৫ জাতের অন্যতম বৈশিষ্ট্য হলো শীষ থেকে ধান সহজে ঝরে পড়ে না। এ জাতের ডিগ পাতা খাড়া ও ধানের শীষ উপরে থাকায় ক্ষেত দেখতে খুব আকর্ষণীয় হয়।

জীবনকাল

জাতটির জীবনকাল ৮৮-১০০ দিন।

ফলন

উপযুক্ত পরিচর্যায় হেক্টর প্রতি ৩.৫-৪.০ টন ফলন পাওয়া যায়।

চাষাবাদ পদ্ধতি

এ ধানের চাষাবাদ পদ্ধতি অন্যান্য উফশী বোনা আউশ ধানের জাতের মতই।

১. **বীজ বপন:** জমিতে পর্যাপ্ত রস থাকা সাপেক্ষে ১৫ চৈত্র থেকে ১৫ বৈশাখ (এপ্রিলের প্রথম - শেষ সপ্তাহ) বীজ বপনের উপযুক্ত সময়।
২. **বপন পদ্ধতি:** সরাসরি বীজ ছিটিয়ে বা সারিতে বীজ বপন (সারি থেকে সারির দূরত্ব ২৫ সেমি)।
৩. **বীজের পরিমাণ:** ছিটিয়ে বপন করলে ৭০-৮০ কেজি/হে. (৯-১০ কেজি/বিঘা) এবং সারিতে বপন করলে ৪০-৫০ কেজি/হে. (৬-৯ কেজি/বিঘা)।

৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

৪.১ ইউরিয়া	টিএসপি	এমওপি	জিপসাম	জিংক সালফেট
১৭	১৩	১১	১৩	১

৪.২ সর্বশেষ জমি চাষের সময় সবটুকু টিএসপি, এমওপি, জিপসাম এবং জিংক সালফেট একসাথে প্রয়োগ করা উচিত।

ইউরিয়া সার সমান তিন কিস্তিতে যথা বপনের ১৫ দিন পর ১ম কিস্তি ২৫ দিন পর ২য় কিস্তি এবং ৩৫ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে।

৫. **আগাছা দমন:** চারা গজানোর পর কমপক্ষে ৪০ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে এবং সারিতে গাছ খুব ঘন হলে নিড়ানির সময় গাছ পাতলা করে দিতে হবে।

৬. **সেচ ব্যবস্থাপনা:** কাইচথোর থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে রস বা পানি থাকলে ভাল ফলন হবে।

৭. **রোগবালাই দমন:** ব্রি ধান৬৫ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে বালাইনাশক প্রয়োগ করা উচিত।

৮. **ফসল পাকা ও কাটা:** ধান কাটার উপযুক্ত সময় হলো ১৫ আষাঢ় থেকে ১৫ শ্রাবণ (জুলাইয়ের প্রথম - সপ্তাহ শেষ সপ্তাহ)।